

# যুগ্মাত্মক

## রাজশাহীতে অধ্যক্ষের শাস্তির দাবিতে বিক্ষোভ

প্রকাশ : ১২ মার্চ ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 রাজশাহী বুরো

ধর্ষণের চেষ্টার অভিযোগে কারাবন্দি কলেজ অধ্যক্ষ জহুরুল আলম রিপনের শাস্তির দাবিতে রোববার সকালে রাজশাহীতে বিক্ষোভ হয়েছে। নগরীর উপকর্তৃ কাপাশিয়া এলাকার 'মহানগর টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট' নামের এই কলেজটির অধ্যক্ষের বিরুদ্ধে এ বিক্ষোভ করেছেন এলাকাবাসী এবং বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা।

কাপাশিয়া এলাকায় মানববন্ধন শেষে বিক্ষোভকারীরা রাজশাহী-ঢাকা মহাসড়ক অবরোধ করে এ বিক্ষোভ করেন। এ সময় বিক্ষোভকারীরা অধ্যক্ষ রিপনের কুশপুত্রলিকা দাহ করেন। বিক্ষোভের কারণে কিছু সময়ের জন্য মহাসড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়। পরে কাটাখালি থানা পুলিশ দিয়ে বিক্ষোভকারীদের মহাসড়ক থেকে সরিয়ে দেয়।

সম্প্রতি অধ্যক্ষ রিপনের বিরুদ্ধে তার কলেজের স্কুল শাখার নবম শ্রেণীতে পড়-য়া এক ছাত্রীকে ধর্ষণের চেষ্টার অভিযোগ ওঠে। বিষয়টি নিয়ে আন্দোলনে নামেন এলাকাবাসী। পরে পৰা উপজেলা প্রশাসনের পক্ষ থেকে তদন্ত কমিটি গঠন করে অভিযোগের তদন্ত করা হয়। বিষয়টি নিয়ে থানায় মামলা হলে কয়েক দিন আগে পুলিশ ওই অধ্যক্ষকে প্রেফতার করেছে।

---

**ভারপ্রাপ্ত সম্পাদক :** সাইফুল আলম, **প্রকাশক :** সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৮৮১৯২১১-৫, রিপোর্টিং : ৮৮১৯২২৮, বিজ্ঞাপন : ৮৮১৯২১৬, ফ্যাক্স : ৮৮১৯২১৭, সার্কুলেশন : ৮৮১৯২২৯। ফ্যাক্স : ৮৮১৯২১৮, ৮৮১৯২১৯, ৮৮১৯২২০

E-mail: jugantor.mail@gmail.com

---

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, আডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।